

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(মুসক বাস্তবায়ন ও আইটি)
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

‘গণবিজ্ঞপ্তি’

মুসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী ব্যক্তির নিকট হতে আবেদনপত্র আহ্বান

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৩০ এর উপ-ধারা (১) অনুযায়ী কোনো কার্যধারায় কোনো করদাতার পক্ষে প্রতিনিধিত্ব করা বা তাকে পরামর্শ প্রদানের জন্য চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারী বা লাইসেন্সধারী মুসক পরামর্শকগণের মধ্য হতে যে কোনো ব্যক্তিকে নিয়োগের বিধান রয়েছে। মুসক পরামর্শক হিসাবে কার্যক্রম পরিচালনা করতে আগ্রহী ব্যক্তিকে প্রয়োজনীয় দলিলাদি ও সনদসহ ফরম “মুসক- ১৮.১” এ ৩১ শে ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১০৯. ১১০ ও ১১১ এবং মুসক পরামর্শক লাইসেন্স বিধিমালা, ২০১৯ এ নির্ধারিত পদ্ধতি ও শর্ত মেনে মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি এর নিকট কেবল রেজিস্টার্ড ডাকযোগে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

(২) মুসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে, যথা:-

- (ক) বাংলাদেশের নাগরিক হতে হবে;
- (খ) আবেদনের তারিখে বয়স অন্ত্যন ২৫ (পাঁচিশ) বৎসর হতে হবে;
- (গ) কোনো দ্বিকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে ম্লাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে।

(৩) নিম্নবর্ণিত যে কোনো ব্যক্তি মুসক পরামর্শক লাইসেন্স প্রাপ্ত্যাবলীর জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন, যথা:-

- (ক) সরকারি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরিরত, চাকুরি হতে অপসারিত, বরখাস্তকৃত কোনো ব্যক্তি;
- (খ) ফৌজদারী অপরাধে সাজাপ্রাণ ব্যক্তি, যার সাজা ভোগ শেষ হওয়ার পর ৫ (পাঁচ) বৎসর সময় অতিবাহিত হয়নি; এবং
- (গ) ইতঃপূর্বে যার মুসক পরামর্শক, মুসক এজেন্ট ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং, ফ্রেইট ফরোয়ার্ডার্স বা আয়কর পরামর্শকের লাইসেন্স বাতিল করা হয়েছে এমন কোনো ব্যক্তি।

(৪) মুসক পরামর্শক লাইসেন্সের জন্য আবেদনপত্রের সাথে আবেদনকারীকে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করতে হবেঃ

- (ক) বয়স নির্ধারণের জন্য এসএসসি বা সমমানের পরীক্ষার সত্যায়িত সনদ;
- (খ) ০৩ (তিনি) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি;
- (গ) শিক্ষাগত যোগ্যতা বা প্রযোজ্য ক্ষেত্রে, অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি;
- (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; এবং
- (ঙ) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি এর অনুকূলে আবেদন ফি হিসেবে ৫ (পাঁচ) হাজার টাকা মূল্যমানের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট।

(৫) নির্ধারিত পদ্ধতি ও শর্তে, মুসক বিভাগে জাতীয় বেতন ক্ষেত্রের নবম গ্রেডের নিম্নে নন এমন পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছর কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তা বা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারী বা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টগণকে পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত আবেদনপত্র সঠিক প্রাপ্তি সাপেক্ষে লাইসেন্স প্রদান করা হবে।

(৬) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি প্রাপ্ত আবেদনপত্র বাহাইয়ের পর যোগ্য প্রার্থীদের তালিকা ও পরীক্ষার সময়সূচি একাডেমির ওয়েবসাইটে প্রকাশ করবেন এবং সুবিধাজনক সময়ে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করবেন।

(৭) নির্ধারিত শর্ত পূরণ করা হয়নি, এমন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।